

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
 শিক্ষা মন্ত্রণালয়  
 শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং- ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.১০.২০১৭. ৪২০

তারিখ:

১৬ অক্টোবর ১৪৩০ বঙ্গাব্দ  
 ৩১ অক্টোবর ২০২৩ খ্রি.

**অফিস আদেশ**

যেহেতু, জনাব এস এম সাদিকুর রহমান, প্রভাষক (অর্থনীতি), সরকারি নুরুননাহার মহিলা কলেজ, ঝিনাইদহ এর বিবুকে শাহাবাগ থানায় দায়েরকৃত মামলা নং-৩১(১১)১২ যা পরবর্তীতে দায়রা মামলা নং-৩৮০৮/১৩ ধারা সন্ত্রাস বিরোধী আইন-২০০৯ এর ৮/৯ ও বিজ্ঞ সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইবুন্যাল মামলা নং ৯৩/২০১৮ ঢাকায় বিচারধীন থাকায় এবং যশোর কোতায়ালী থানায় মামলা নং-১২৮/১৬ ধারা বাংলাদেশ দণ্ডবিধি ৪০৯/৮২০ দায়েরের প্রেক্ষিতে তাকে বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরান্ডাম নং ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী ২৫/০৮/২০১৬ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, জনাব এস এম সাদিকুর রহমান শাহাবাগ থানার মামলা নং-৩১(১১)১২ যা বিজ্ঞ সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইবুন্যাল, ঢাকার মামলা নং ৯৩/২০১৮ হতে বিচার শেষে ১৮/০৯/২০২২ তারিখে বেকসুর খালাস প্রাপ্ত হন এবং যশোর কোতায়ালী থানার মামলা নং-১২৮/১৬ প্রেক্ষিতে বিজ্ঞ সিনিয়র স্পেশাল জজ আদালত যশোর কর্তৃক স্পেশাল কেস নং-০২/২০২৩ এর চার্জশীট হতে ২০/০২/২০২৩ তারিখে অব্যাহতি প্রাপ্ত হন;

সেহেতু, জনাব এস এম সাদিকুর রহমান, প্রভাষক (অর্থনীতি), সরকারি নুরুননাহার মহিলা কলেজ, ঝিনাইদহ এর সাময়িক বরখাস্ত আদেশ সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(৩) ধারা অনুযায়ী প্রত্যাহার করে তাকে সরকারি চাকুরিতে পুনর্বহাল করা হলো। বাংলাদেশ সার্ভিস বুলস, পার্ট-১ এর বিধি-৪২(বি) অনুসারে তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য করা হলো এবং তিনি বরখাস্তকালীন সময়ের পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্ত হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
 (সোলিমান খান)


সচিব

নং- ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.১০.২০১৭. ৪২০/২(৬)

তারিখ: ১৬ অক্টোবর ১৪৩০ বঙ্গাব্দ  
 ৩১ অক্টোবর ২০২৩ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (এস এম সাদিকুর রহমান এর ব্যক্তিগত নথিতে/ডেসিয়ারে আদেশটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপসচিব (সরকারি কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, সরকারি নুরুননাহার মহিলা কলেজ, ঝিনাইদহ।
- ৫। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব বক্ষণ কর্মকর্তা .....।
- ৮। জনাব এস এম সাদিকুর রহমান, প্রভাষক (অর্থনীতি), সরকারি নুরুননাহার মহিলা কলেজ, ঝিনাইদহ।

  
 (মো: শাহীনুর ইসলাম)  
 উপসচিব